দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# ঢাবি গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) জীববিজ্ঞান অনুষদভুক্ত গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ মোট ৫টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গার্হস্থ্য অর্থনীতি ইউনিটে দুই হাজার ২৭৫টি আসনের বিপরীতে ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা ছিল আট হাজার ৭৩৭টি। পরীক্ষা চলাকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজ ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় তার সঙ্গে জীববিজ্ঞান অনুষদের ডিন ও গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের সমন্বয়কারী অধ্যাপক ড. মো. ইমদাদুল হক উপস্থিত ছিলেন।